

জাতীয় পাট পুরস্কার নীতিমালা

দেশের অর্থনৈতিক উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণে পাটের ভূমিকা অতীব গুরুত্বপূর্ণ। পাটখাতের সম্ভাবনা বিকশিত করার মাধ্যমে অর্থনীতিতে গতি সঞ্চারের জন্য পাট সংশ্লিষ্ট সকল অংশীজনের মধ্যে সমন্বয় সাধনের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এছাড়া, পাট ও পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধি, পাট শিল্পের সম্প্রসারণ, রপ্তানি বৃদ্ধি ও মান উন্নয়নের লক্ষ্যে পাট আইন-২০১৭ ও পাটনীতি-২০১৮ প্রণয়ন করা হয়েছে। অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারে পাটের চাহিদা বৃদ্ধি, পরিবেশ বান্ধব পাটজাত সামগ্রী ব্যবহার উৎসাহিত করার জন্য প্রতিবছর ০৬ মার্চ জাতীয় পাট দিবস উদযাপন করা হয়। পাটখাত উন্নয়নে গবেষণা কার্যক্রম, পাটবীজ আমদানি হ্রাস, সয়ন্তরতা অর্জন, প্রচলিত ও বহুমুখী পাটজাত পণ্যের উৎপাদন ও রপ্তানি বৃদ্ধি ইত্যাদি কার্যক্রম গ্রহণের মাধ্যমে সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে উৎসাহিত করার লক্ষ্যে “জাতীয় পাট পুরস্কার নীতিমালা” প্রণয়ন করা হলো।

০১. পুরস্কারের নামঃ-

পুরস্কারের নাম হবে 'বঙ্গবন্ধু জাতীয় পাট পুরস্কার' (Bangabandhu National Jute Award)

০২. উদ্দেশ্যঃ-

- (ক) উন্নত জাতের পাটবীজ ও পাট উৎপাদনসক্ষমতা বৃদ্ধি;
- (খ) পাট ও পাটজাত পণ্যের গবেষণা ও সৃজনশীল কার্যক্রম উৎসাহিত করা;
- (গ) পাট ও পাটপণ্যের উৎপাদন বৃদ্ধি;
- (ঘ) অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ;
- (ঙ) পাটপণ্য রপ্তানি বৃদ্ধিতে উৎসাহ প্রদান।

০৩. পুরস্কারের ক্যাটাগরিঃ-

| | | | |
|------|--|---|------|
| ৩.০১ | পাটবীজ, পাট ও পাটজাত পণ্যের গবেষণায় সেরা গবেষক/বিজ্ঞানী/উদ্ভাবক | - | ০১টি |
| ৩.০২ | সেরা পাটবীজউৎপাদনকারী চাষি | - | ০১টি |
| ৩.০৩ | সেরা পাট উৎপাদনকারী চাষি | - | ০১টি |
| ৩.০৪ | পাটজাত পণ্য উৎপাদনকারী সেরা পাটকল (হেসিয়ান, সেকিং ও সিবিসি) | - | ০১টি |
| ৩.০৫ | পাটজাত পণ্য রপ্তানিকারক সেরা প্রতিষ্ঠান (হেসিয়ান, সেকিং ও সিবিসি) | - | ০১টি |
| ৩.০৬ | পাটের সুতা উৎপাদনকারী সেরা পাটকল | - | ০১টি |
| ৩.০৭ | পাটের সুতা রপ্তানিকারক সেরা প্রতিষ্ঠান | - | ০১টি |
| ৩.০৮ | বহুমুখী পাটজাত পণ্য উৎপাদনকারী সেরাপাটকল | - | ০১টি |
| ৩.০৯ | বহুমুখী পাটজাত পণ্য রপ্তানিকারক সেরা প্রতিষ্ঠান | - | ০১টি |
| ৩.১০ | বহুমুখী পাটজাত পণ্যের সেরা মহিলা উদ্যোক্তা | - | ০১টি |
| ৩.১১ | বহুমুখী পাটজাত পণ্যের সেরা পুরুষ উদ্যোক্তা | - | ০১টি |

০৪. পুরস্কারের ধরণ ও প্রকৃতিঃ-

একটি ট্রেস্ট, একটি সম্মাননা সনদ ও নগদ ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা (সরকার সময়ে সময়ে পুরস্কারের মান, শ্রেণী ও নগদ অর্থের পরিমাণ পরিবর্তন করতে পারবে)।



০৫. 'বঙ্গবন্ধু জাতীয় পাট পুরস্কার' বিতরণী অনুষ্ঠানঃ-

জাতীয় পাট দিবস অনুষ্ঠানে এ পুরস্কার প্রদান করা হবে।

০৬. বিভিন্ন পর্যায়ে নির্বাচন কমিটিঃ-

৬.১ জাতীয় কমিটিঃ-

| | | |
|--|---|------------|
| ০১. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | - | আহবায়ক |
| ০২. সিনিয়র সচিব/সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | - | সদস্য |
| ০৩. অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য |
| ০৪. অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তা, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ | - | সদস্য |
| ০৫. অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ | - | সদস্য |
| ০৬. অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| ০৭. অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য |
| ০৮. অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| ০৯. অতিরিক্ত সচিব (পাট), বস্ত্র ও পাট মন্ত্রণালয় | - | সদস্য |
| ১০. চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন (বিজেএমসি) | - | সদস্য |
| ১১. চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইলস মিলস করপোরেশন (বিটিএমসি) | - | সদস্য |
| ১২. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর | - | সদস্য |
| ১৩. মহাপরিচালক, পাট অধিদপ্তর | - | সদস্য |
| ১৪. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) | - | সদস্য |
| ১৫. নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) | - | সদস্য |
| ১৬. এফবিসিসিআই এর প্রতিনিধি | - | সদস্য |
| ১৭. চেয়ারম্যান, বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন (বিজেএমএ) | - | সদস্য |
| ১৮. চেয়ারম্যান, বাংলাদেশ জুট স্পীনার্স এসোসিয়েশন (বিজেএসএ) | - | সদস্য |
| ১৯. চেয়ারম্যান, বাংলাদেশ জুট গুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজেজিইএ) | - | সদস্য |
| ২০. সভাপতি, বাংলাদেশ পাটচাষি সমিতি | - | সদস্য |
| ২১. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (পাট), বস্ত্র ও পাট মন্ত্রণালয় | - | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধিঃ-

- (ক) জাতীয় পাট দিবস অনুষ্ঠানকে সফল করার জন্য এই কমিটি 'জাতীয় পাট পুরস্কার' প্রদান কার্যক্রম সার্বিকভাবে সফল করার ব্যবস্থা নিবে;
- (খ) পুরস্কার প্রদান সংক্রান্ত ৮ (আট) টি বিভাগীয়কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রতিটি ক্যাটাগরির জন্য ১টি করে মোট (১১ ক্যাটাগরি x ৮) = ৮৮ টি ব্যক্তি/প্রতিষ্ঠানের মধ্য হতে প্রতি ক্যাটাগরির জন্য ১টি করে মোট ১১ ক্যাটাগরির সেরা পুরস্কার গ্রহণকারী নির্বাচন করাসহ তা চূড়ান্তকরণ;
- (গ) পুরস্কার সংক্রান্ত নগদ অর্থ/সম্মাননা ও ক্রেস্ট এর ধরণ নির্ধারণ, ক্রয়, সংগ্রহ ও উপস্থাপন ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা;
- (ঘ) একই সাথে প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী বস্ত্র ওপাট মন্ত্রণালয়ে পদায়িত হলে মাননীয় প্রতিমন্ত্রী/উপমন্ত্রী জাতীয় কমিটির যুগ্ম-আহবায়ক হিসাবে দায়িত্ব পালন করবেন;
- (ঙ) কমিটি প্রয়োজনে এক বা একধিক সদস্য কো-অপ্ট করতে পারবে; এবং
- (চ) বিবিধ।

৬.২ বিভাগীয় কমিটিঃ-

| | | |
|---|---|------------|
| ১. বিভাগীয় কমিশনার | - | আহবায়ক |
| ২. সংশ্লিষ্ট বিভাগের সকল জেলা প্রশাসক/প্রতিনিধি | - | সদস্য |
| ৩. পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| ৪. বিএডিসি এর প্রতিনিধি | - | সদস্য |
| ৫. পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি | - | সদস্য |
| ৬. বিজেআরআই এর প্রতিনিধি (যদি থাকে) | - | সদস্য |
| ৭. সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ | - | সদস্য |
| ৮. সহকারি পরিচালক/পাট উন্নয়ন কর্মকর্তা, পাট অধিদপ্তর | - | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধিঃ-

(ক) "বঙ্গবন্ধু জাতীয় পাট পুরস্কার" প্রদানের জন্য ক্যাটাগরিভিত্তিক বিভাগের সেরা পুরস্কার গ্রহণকারীর নাম জেলা কমিটির সুপারিশের ভিত্তিতে পরিমাণ/সংখ্যাগত দিক ও বিশেষ অবদান বিবেচনায় প্রতি ক্যাটাগরীতে পুরস্কার প্রাপ্তির জন্য সকল ক্যাটাগরীর সেরা ০১ জন করে মোট ১১ ব্যক্তি/প্রতিষ্ঠান মনোনয়ন পূর্বক সুপারিশসহ জাতীয় কমিটির নিকট প্রেরণ;

(খ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে; এবং

(গ) বিবিধ।

৬.৩ জেলা কমিটিঃ-

| | | |
|--|---|------------|
| ১. জেলা প্রশাসক | - | আহবায়ক |
| ২. পুলিশ সুপার | - | সদস্য |
| ৩. সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার | - | সদস্য |
| ৪. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| ৫. উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান ব্যুরো | - | সদস্য |
| ৬. জেলা তথ্য অফিসার | - | সদস্য |
| ৭. বিএডিসির একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৮. বিজেআরআই এর একজন প্রতিনিধি (যদি থাকে) | - | সদস্য |
| ৯. সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ | - | সদস্য |
| ১০. পাট উন্নয়ন কর্মকর্তা/মুখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর | - | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধিঃ-

(ক) "বঙ্গবন্ধু জাতীয় পাট পুরস্কার" প্রদানের জন্য ক্যাটাগরিভিত্তিক জেলার সেরা পুরস্কার গ্রহণকারীর নাম সুপারিশসহ বিভাগীয় কমিটির নিকট প্রেরণ;

(খ) জেলা কমিটি প্রতি বছর ডিসেম্বরের ১ম সপ্তাহের মধ্যে "বঙ্গবন্ধু জাতীয় পাট পুরস্কার" প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করবে;

(গ) বিজ্ঞপ্তি স্থানীয় পত্রিকা, নোটিশ বোর্ড, ওয়েবসাইট (website), সংশ্লিষ্ট অফিস ও সকল উপজেলায় ব্যাপক প্রচারের ব্যবস্থা করবে;

(ঘ) ফরম-১ অনুযায়ী পুরস্কারের ক্যাটাগরি ভিত্তিক যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানতার পূর্ববর্তী অর্থ বছরের তথ্য সম্বলিত আবেদন পত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট ১৫ ডিসেম্বরের মধ্যে দাখিল করবেন।

- (ঙ) জেলা কমিটি প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইপূর্বক প্রতি ক্যাটাগরি ভিত্তিক ১টি করে ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম বিভাগীয় কমিটির নিকট সুপারিশ করবে; তবে পুরস্কারের জন্য নির্ধারিত ১১ ক্যাটাগরির মধ্যে কোন ক্যাটাগরির জন্য উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান না পাওয়া গেলে সেক্ষেত্রে উক্ত ক্যাটাগরির জন্য শূণ্য প্রস্তাব রেখে অবশিষ্ট ক্যাটাগরির প্রস্তাব প্রেরণ করবে।
- (চ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে; এবং
- (ছ) বিবিধ।

০৭. বাছাই পদ্ধতিঃ-


- ৭.১ পূর্ববর্তী অর্থবছর/গত মৌসুমের তথ্য/উপাত্ত বিবেচনায় পাটবীজ, পাট ও পাটজাত পণ্যের গবেষণায় সেরা গবেষক/বিজ্ঞানী/উদ্ভাবক-০১টি, সেরা পাটবীজউৎপাদনকারী চাষি-০১টি, সেরা পাট উৎপাদনকারী চাষি-০১টি, পাটজাত পণ্য উৎপাদনকারী সেরা পাটকল (হেসিয়ান,সেকিং ও সিবিসি-০১টি, পাটজাত পণ্য রপ্তানিকারক সেরা প্রতিষ্ঠান (হেসিয়ান, সেকিং ও সিবিসি)-০১টি, পাটের সুতা উৎপাদনকারী সেরা পাটকল-০১টি, পাটের সুতা রপ্তানিকারক সেরা প্রতিষ্ঠান-০১টি, বহুমুখী পাটজাত পণ্য উৎপাদনকারী সেরাপাটকল-০১টি, বহুমুখী পাটজাত পণ্য রপ্তানিকারক সেরা প্রতিষ্ঠান-০১টি, বহুমুখী পাটপণ্য রপ্তানিকারক সেরা মহিলা উদ্যোক্তা-০১টি ও বহুমুখী পাটপণ্য রপ্তানিকারক সেরা পুরুষ উদ্যোক্তা-০১টি নির্বাচনসহ মোট ১১ (এগার) ব্যক্তি/প্রতিষ্ঠানকে নীতিমালায় বর্ণিত ৬.২এ গঠিত বিভাগীয় কমিটির নিকট হতে প্রাপ্ত সুপারিশের ভিত্তিতে ৬.১- এ গঠিত জাতীয় কমিটি প্রতি বছরের জন্য দেশের সেরা ১১ (এগার) ব্যক্তি/প্রতিষ্ঠান নির্বাচন করবে।
- ৭.২ পূর্ববর্তী অর্থবছর/গত মৌসুমের তথ্য/উপাত্ত বিবেচনায় সংশ্লিষ্ট বিভাগের পাটবীজ, পাট ও পাটজাত পণ্যের গবেষণায় সেরা গবেষক/বিজ্ঞানী/উদ্ভাবক-০১টি, সেরা পাটবীজউৎপাদনকারী চাষি-০১টি, সেরা পাট উৎপাদনকারী চাষি-০১টি, পাটজাত পণ্য উৎপাদনকারী সেরা পাটকল (হেসিয়ান,সেকিং ও সিবিসি-০১টি, পাটজাত পণ্য রপ্তানিকারক সেরা প্রতিষ্ঠান (হেসিয়ান, সেকিং ও সিবিসি)-০১টি, পাটের সুতা উৎপাদনকারী সেরা পাটকল-০১টি, পাটের সুতা রপ্তানিকারক সেরা প্রতিষ্ঠান-০১টি, বহুমুখী পাটজাত পণ্য উৎপাদনকারী সেরাপাটকল-০১টি, বহুমুখী পাটজাত পণ্য রপ্তানিকারক সেরা প্রতিষ্ঠান-০১টি, বহুমুখী পাটপণ্য রপ্তানিকারক সেরা মহিলা উদ্যোক্তা-০১টি ও বহুমুখী পাটপণ্য রপ্তানিকারক সেরা পুরুষ উদ্যোক্তা-০১টি নির্বাচনসহ মোট ১১ (এগার) ব্যক্তি/প্রতিষ্ঠানকে নীতিমালায় বর্ণিত ৬.২-এ গঠিত বিভাগীয় কমিটি প্রতি বছরের জন্য বিভাগের সেরা ১১ (এগার) ব্যক্তি/প্রতিষ্ঠান এর নাম ৬.১-এ গঠিত জাতীয় কমিটির নিকট সুপারিশ করবে।
- ৭.৩ পূর্ববর্তী অর্থবছর/গত মৌসুমের তথ্য/উপাত্ত বিবেচনায় সংশ্লিষ্ট জেলার পাটবীজ, পাট ও পাটজাত পণ্যের গবেষণায় সেরা গবেষক/বিজ্ঞানী/উদ্ভাবক-০১টি, সেরা পাটবীজউৎপাদনকারী চাষি-০১টি, সেরা পাট উৎপাদনকারী চাষি-০১টি, পাটজাত পণ্য উৎপাদনকারী সেরা পাটকল (হেসিয়ান,সেকিং ও সিবিসি-০১টি, পাটজাত পণ্য রপ্তানিকারক সেরা প্রতিষ্ঠান (হেসিয়ান, সেকিং ও সিবিসি)-০১টি, পাটের সুতা উৎপাদনকারী সেরা পাটকল-০১টি, পাটের সুতা রপ্তানিকারক সেরা প্রতিষ্ঠান-০১টি, বহুমুখী পাটজাত পণ্য উৎপাদনকারী সেরাপাটকল-০১টি, বহুমুখী পাটজাত পণ্য রপ্তানিকারক সেরা প্রতিষ্ঠান-০১টি, বহুমুখী পাটপণ্য রপ্তানিকারক সেরা মহিলা উদ্যোক্তা-০১টি ও বহুমুখী পাটপণ্য রপ্তানিকারক সেরা পুরুষ উদ্যোক্তা-০১টি নির্বাচনসহ মোট ১১ (এগার) ব্যক্তি/প্রতিষ্ঠানকে নীতিমালায় বর্ণিত ৬.৩-এ গঠিত জেলা কমিটি প্রতি বছরের জন্য জেলার সেরা ১১ (এগার) ব্যক্তি/প্রতিষ্ঠান এর নাম ৬.২-এ গঠিত বিভাগীয় কমিটির নিকট সুপারিশ করবে। তবে পুরস্কারের জন্য নির্ধারিত ১১ ক্যাটাগরির মধ্যে কোন ক্যাটাগরির জন্য উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান না পাওয়া গেলে সেক্ষেত্রে উক্ত ক্যাটাগরির জন্য শূণ্য প্রস্তাব রেখে অবশিষ্ট ক্যাটাগরির প্রস্তাব প্রেরণ করবে।
- ৭.৪ পুরস্কারের জন্য যে ব্যক্তি/প্রতিষ্ঠান মনোনীত হবে সে ব্যক্তি/প্রতিষ্ঠান পরবর্তী ৩ (তিন) বছরের জন্য মনোনয়ন প্রদান করা যাবে না।


০৮. পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যয়ঃ-


পুরস্কার প্রদানের কার্যক্রমের ব্যয় বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বাজেটে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করা হবে।


০৯. বাস্তবায়ন প্রক্রিয়ার সময়সূচীঃ-


| | | |
|---|---|-------------------------------|
| জেলা কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ ও বিভাগীয় কমিটির নিকট প্রেরণ | - | ০৫ জানুয়ারি |
| বিভাগীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ ও জাতীয় কমিটির নিকট প্রেরণ | - | ২০ জানুয়ারি |
| জাতীয় কমিটি কর্তৃক চূড়ান্তকরণ | - | ১০ ফেব্রুয়ারি |
| পুরস্কার ঘোষণা | - | ০৬ মার্চ 'জাতীয় পাট দিবস' |



মোঃ সওগাতুল আলম
সমন্বয় কর্মকর্তা
পাট অধিদপ্তর
সদস্য



শিরীন সুলতানা
সহকারী সচিব (পাট-২)
সদস্য সচিব


খেনচান
উপ-সচিব (বস্ত্র-৩)
সদস্য


মোঃ খুরশীদ ইকবাল রেজভী
যুগ্ম-সচিব (পাট)
সদস্য


সািবিনা ইয়াসমিন
যুগ্ম-সচিব (বেওবি)
সদস্য


মোঃ মকবুল হোসেন
অতিরিক্ত সচিব (বস্ত্র)
সদস্য


গুলনার নাজমুন নাহার
অতিরিক্ত সচিব (পরিকল্পনা)
আস্রায়ক